

Times Today BD

রকিবুল হাসান রকি | রাজশাহী | 20 April, 2025

রাজশাহী নগরীতে এক ব্যবসায়ীর ম্যানেজারের কাছ থেকে ১০ লাখ টাকা ছিনতাইয়ের ঘটনা ঘটেছে।

রবিবার (১৯ এপ্রিল) সকাল পৌনে ৯ টার দিকে নগরীর ঘোড়া মারা পোস্ট অফিসের পেছনের সড়কে এই ঘটনা ঘটে।

সূত্রমতে, বিলায়েন্স অটোর ম্যানেজার দিলিপ কুমার রবিবার সকালে কুমার পাড়ায় অবস্থিত প্রতিষ্ঠানটির স্বত্বাধিকারী নিপুর ঘোষের বাড়ি থেকে ব্যাগে করে ১২ লক্ষাধিক টাকা নিয়ে নগরীর শিরোইল বাস টার্মিনালে অবস্থিত ব্যবসা প্রতিষ্ঠানে রিকসায় করে যাচ্ছিলেন। রিকসাটি ঘোড়ামারা পোস্ট অফিসের পেছনের সড়ক দিয়ে যাবার সময় পেছন থেকে একটি মোটরসাইকেল যোগে দুইজন এসে দিলিপকে বহনকারী রিকসার থামিয়ে তার চোখে স্পেস ছিটিয়ে ব্যাগ টান দিয়ে নিয়ে যায়। এসময় ধস্তাধস্তিতে ব্যাগের ভিতরে থাকা ২ লক্ষাধিক টাকা রাস্তায় পড়ে যায়। বাকি ১০ লাখ টাকা নিয়ে ছিনতাইকারীরা পালিয়ে যায়। এসময় ওই রিকসা চালকও পালিয়ে যায়।

বোয়ালিয়া থানার ওসি মুসতার আহমেদ জানান, সিসি ক্যামেরা ফুটেজ পর্যবেক্ষণ করা হচ্ছে। ম্যানেজার পুলিশ হেফাজতে রয়েছে।

ব্যবসায়ী ছিনতাই পুলিশ

URL: <https://timestodaybd.com/rajshahi/7758071126>